অবিলম্বে প্রকাশের উদ্দেশ্যে: 7/28/2022 **গভর্নর ক্যাথি হোকল**

গভর্নর হোকল জেফারসন কাউন্টির ক্লেটন গ্রামে বন্যা স্থিতিস্থাপকতা প্রকল্পসমূহের নির্মাণ কাজ শুরুর ঘোষণা করলেন

রিভারওয়াক উঁচু করতে এবং স্থানীয় ব্যবসাসমূহকে ভবিষ্যতের বন্যার ক্ষতি থেকে রক্ষা করতে 2.55 মিলিয়ন মার্কিন ডলার

ক্ষতিগ্রস্ত ডক প্রতিস্থাপন ও পুনর্নির্মাণ এবং বিনোদনের জন্য নৌকাচালকদের যাওয়া আসা সহজ করতে 2.5 মিলিয়ন মার্কিন ডলার অনুদান

গ্রামের ডকগুলি উন্নত করতে ভেটেরান মেমোরিয়াল মনুমেন্ট থেকে 975,000 মার্কিন ডলার, জননিরাপত্তা বৃদ্ধির জন্য

ফ্রিঙ্ক পার্ক আঞ্চলিক ডক সুরক্ষা ও স্থিতিশীল করতে 250,000 মার্কিন ডলার, যা বড় জলযানের জন্য একটি অতি গুরুত্বপূর্ণ অ্যাক্সেস পয়েন্ট

নিউ ইয়র্ক স্টেটের 300 মিলিয়ন ডলারের স্থিতিস্থাপকতা ও অর্থনৈতিক বিকাশ উদ্যোগের অংশ

গভর্নর ক্যাথি হোকল আজকে ঘোষণা করলেন যে জেফারসন কাউন্টির ক্লেটন গ্রামে (Village of Clayton) বন্যা স্থিতিস্থাপকতা প্রকল্পসমূহের একটি সিরিজের নির্মাণ কাজ শুরু হয়েছে। চারটি প্রকল্পকে স্টেটের লেক অন্টারিও স্থিতিস্থাপকতা ও অর্থনৈতিক বিকাশ উদ্যোগের (Resiliency and Economic Development Initiative, REDI) মাধ্যমে প্রায় 6.3 মিলিয়ন মার্কিন ডলার অনুদান তহবিল প্রদান করা হয়েছে। কাজ শেষ হয়ে গেলে, এই REDI অর্থায়িত প্রকল্পগুলি ভবিষ্যতের পানি বেড়ে যাওয়ার ঘটনার প্রভাব প্রশমিত করবে এবং উপকূলরেখার স্থিতিস্থাপকতা বৃদ্ধি করবে।

"অন্টারি লেক ও সেইন্ট লরেন্স নদীর সংলগ্ন এই রূপান্তরকারী প্রকল্পসমূহে আজকের করা বিনিয়োগ আমাদের উপকূলরেখার সম্প্রদায়সমূহের কল্যাণ নিশ্চিত করাতে সাহায্য করার জন্য অতি গুরুত্বপূর্ণ," **গভর্নর হোকল বলেন।** "REDI কর্মসূচির মাধ্যমে, আমরা ভবিষ্যতের বন্যার ঝুঁকি সমাধান করতে এবং জলবায়ু পরিবর্তনের প্রভাব প্রশমিত করতে স্থানীয় সরকারগুলির সাথে ঘনিষ্ঠভাবে কাজ করছি। কাজ শেষ হয়ে গেলে, এই উন্নয়নগুলি অর্থনৈতিক বিকাশকে

উদ্দীপিত করবে, পর্যটনের প্রচার করবে, এবং এই জনপ্রিয় গন্তব্যকে পানি বেড়ে যাওয়ার ঘটনায় নিরাপদ ও অ্যাক্সেসিবল রাখবে, যা নিশ্চিত করবে যাতে ক্লেটন গ্রাম বাসিন্দা ও দর্শনার্থী সকলের জন্যই একটি সমৃদ্ধ সম্প্রদায় হয়ে থাকে।"

2019 সালে সেইন্ট লরেন্স নদীর পানির সীমা রেকর্ড পরিমাণ বেশি হয় যার ফলে নদীর উপকূলরেখা সংলগ্ন সকল সম্প্রদায়ে বিধ্বংসী বন্যা হয়। এই ঘটনাগুলির ফলে সরকারি অবকাঠামোর অধঃপতন হয় এবং রিভারওয়াকের (The Riverwalk) মতো জনপ্রিয় পর্যটন গন্তব্যে জনগণের আসাযাওয়া সীমিত হয়ে যায়, যার ফলে জননিরাপত্তা ও স্থানীয় অর্থনীতির উপর নেতিবাচক প্রভাব পড়ে। এই প্রকল্পগুলি ঝুঁকিতে থকা অবকাঠামো নিয়ে কাজ করবে এবং জেফারসন কাউন্টির অর্থনৈতিক বিকাশ জোরদার করবে।

মোট পাঁচটি প্রকল্পের জন্য গ্রামটিকে REDI কমিশন 8.6 মিলিয়ন মার্কিন ডলারের বেশি প্রদান করেছে। অর্থপ্রাপ্ত পঞ্চম স্থিতিস্থাপকতা প্রকল্প, ক্লেটন গ্রামের বর্জ্যপানি সংগ্রহ ও পরিশোধন প্ল্যান্টের (Village of Clayton Wastewater Collection and Treatment Plant) উন্নয়নের নির্মাণ কাজ শুরু হয় 2021 সালে এবং তা এখনো চলছে। আজকের ঘোষণার মধ্যে রয়েছে:

- **দ্য রিভারওয়াক, 2,554,000 মার্কিন ডলার**:সেইন্ট লরেন্স নদীর সংলগ্নে অবস্থিত দ্য রিভারওয়াক দর্শনার্থী ও বাসিন্দাদের জন্য একটি জনপ্রিয় গন্তব্য হয়ে উঠেছে, এটি ডাউনটাউন শপিং জেলার বিভিন্ন আকর্ষণ ও স্থানীয় ব্যবসাসমূহের সাথে সংযুক্ত করে। 2019 সালে, নদীর উঁচু সীমা এবং চরম ঢেউয়ের ক্রিয়ার ফলে রিভারওয়াকের কিছু অংশ বন্যায় ক্ষতিগ্রস্ত হয়েছে। প্রকল্পটি বিদ্যমান কাঠামোর উপরে একটি উঁচু বোর্ডওয়াক স্থাপনের মাধ্যমে ভবিষ্যতের পানি বেড়ে যাওয়ার ঘটনার প্রভাব প্রশমন করতে সাহায্য করবে।

- **ম্যারি স্ট্রিট বোট লঞ্চে (Mary Street Boat Launch) ক্রিব ডক (Crib Dock), 2,489,000 মার্কিন ডলার:** ম্যারি স্ট্রিটে দুইটি বিদ্যমান ডক রয়েছে। ম্যারি স্ট্রিটের মেইন ডক (Main Dock) দর্শনার্থী ও বাসিন্দাদের জন্য অত্যাবশ্যকীয় ডকিং স্পেস প্রদান করে। ডকটি পর্যটকদের কাছে জনপ্রিয় এবং দর্শনার্থীদের স্থানীয় দোকানপাট, জাদুঘর এবং সম্প্রদায়ের রেস্টুরেন্টগুলিতে যাওয়ার সুযোগ দেয়। ক্ষুদ্রতর ম্যারি স্ট্রিট বোট লঞ্চ ডকটি নৌকাচালকদের বোট র‍্যাম্প থেকে তাদের বিনোদনমূলক যান শুরু করতে সহায়তা করে। বন্যার ঘটনার কারণে, উভয় কাঠামোর উল্লেখযোগ্য ক্ষয়ক্ষতি হয়েছে, যা ডকগুলির স্থিতিশীলতাকে নেতিবাচকভাবে প্রভাবিত করেছে এবং বিনোদনমূলক নৌকাচালকদের অ্যাক্সেসিবিলিটি বাধাগ্রস্ত করেছে। এই প্রকল্পের স্থিতিস্থাপকতা প্রচেষ্টার মধ্যে থাকবে একটি নতুন ভাসমান ডক দিয়ে বোট লঞ্চ ডককে প্রতিস্থাপিত করা এবং উঁচুতর স্থানে মেইন ডককে পুনর্নির্মাণ করা।

- **ভেটেরানস মনুমেন্ট থেকে গ্রামের ডকগুলির জন্য, 975,000 মার্কিন ডলার:** ভিলেজ ডক (Village Dock) এবং ভেটেরানস মেমোরিয়াল মনুমেন্ট (Veterans Memorial Monument) দর্শনার্থী ও পর্যটকদের কাছে জনপ্রিয়

যেহেতু এটি রিভারওয়াক ও স্থানীয় ব্যবসাসমূহের প্রতি সরাসরি সংযোগ প্রদান করে। বিদ্যমান ভিলেজ ডকটি 1996 সালে স্থাপিত হয়েছে এবং এটিতে একটি কাঠের ভাসমান ডক ও নোঙ্গরের ব্যবস্থা রয়েছে। পানি বেড়ে গেলে এবং তার ফলে সৃষ্ট ঢেউয়ের ক্রিয়া ভেটেরানস মেমোরিয়াল মনুমেন্টের কাছের রিভারওয়াক সংলগ্ন ভিলেজ ডকের ভবিষ্যৎ কার্যকারিতাকে ঝুঁকিগ্রস্ত করে। প্রকল্পটিতে থাকবে বিদ্যমান ভাসমান ঢেউয়ের অ্যাটেনুয়েটর প্রতিস্থাপন করা, চরম ঢেউয়ের ক্রিয়া থেকে সুরক্ষা প্রদান করা।

- **ফ্রিঙ্ক পার্ক আঞ্চলিক ডক (Frink Park Regional Dock), 250,000 মার্কিন ডলার:** থাউজেন্ড আইল্যান্ডস আঞ্চলিক ডকটি (Thousand Islands Regional Dock), যা ক্লেটন ডাউনটাউনের ফ্রিঙ্ক পার্কের উপকূলরেখার পাশে অবস্থিত, একটি মার্কিন যুক্তরাষ্ট্রের হোমল্যান্ড সিকিউরিটি ডিপার্টমেন্ট (U.S. Department of Homeland Security) এবং মার্কিন কোস্ট গার্ড (U.S. Coast Guard) সনদপ্রাপ্ত 105c পোর্ট অফ এন্ট্রি হিসেবে সম্প্রদায়টির জন্য একটি অতি গুরুত্বপূর্ণ অ্যাক্সেস পয়েন্ট। এই ডকে লম্বা জাহাজ, ইয়ট, টাগবোট এবং ক্রুজ জাহাজ থাকতে পারবে। ডকটির খোলা ও অ্যাক্সেসিবল থাকা অত্যাবশ্যকীয়। বন্যার ক্ষতির মধ্যে রয়েছে ল্যান্ডিং পেভার ভেসে যাওয়া। এই প্রকল্পের প্রশমন ব্যবস্থার মধ্যে রয়েছে বিদ্যমান শিট পাইল দেওয়াল এবং নিদের নিচের মধ্যকার শূন্যস্থান পূরণ করা যাতে বাল্কহেড দেওয়ালকে সুরক্ষা করা যায় এবং দেওয়ালের পিছনের ভরাট অংশের ভূমিক্ষয় প্রতিরোধ করা যায়।

নিউ ইয়র্ক স্টেটের এনভায়রনমেন্টাল কনজার্ভেশন ডিপার্টমেন্টের (New York State Department of Environmental Conservation) কমিশনার এবং REDI কমিশনের সহপ্রধান ব্যাসিল সেগোস বলেন, "প্রকল্পের পর প্রকল্প ধরে, REDI কর্মসূচি অঞ্চলে অর্থনৈতিক বিকাশের প্রসার করে, জনস্বাস্থ্য রক্ষা করে, প্রাকৃতিক প্রাণীর আবাসস্থলের সুরক্ষা প্রদান করে, এবং বন্যার ক্ষতির ঝুঁকি থেকে উপকূলরেখাকে শক্তিশালী করে একটি ইতিবাচক প্রভাব তৈরি করছে। গভর্নর ক্যাথি হোকলের অবিচল সমর্থন পেয়ে, নিউ ইয়র্ক স্টেট নিশ্চিত করছে যাতে ক্লেটন এবং অন্টারিও লেক ও সেইন্ট লরেন্স নদীর উপকূলরেখা সংলগ্ন অন্যান্য সম্প্রদায় ভবিষ্যতের পানি বেড়ে যাওয়ার ঘটনার জন্য আরো ভালোভাবে প্রস্তুত থাকে।"

নিউ ইয়র্ক স্টেটের সচিব রবার্ট রড্রিগেজ বলেন, "বন্যার বিপর্যয় থেকেই আমাদের সম্প্রদায়সমূহকে রক্ষা করার জন্য আমাদের পক্ষে সম্ভাব্য সকল কিছু করা অত্যাবশ্যকীয়ভাবে গুরুত্বপূর্ণ। এই গুরুত্বপূর্ণ প্রকল্পসমূহ বাসিন্দাদের নিরাপত্তা এবং জীবনযাপনের সার্বিক মান উন্নত করবে, ব্যবসা ও পর্যটনের সম্ভবপরতা বৃদ্ধি করবে, উপকূলরেখার কাঠামোগত অখণ্ডতা নিরাপদ করতে সাহায্য করবে এবং ভবিষ্যতের পানি বেড়ে যাওয়ার বিপর্যয়ের বিরুদ্ধে আরো ভালো প্রস্তুত করবে।"

স্টেটের সিনেটর প্যাটি রিচি বলেন, "ক্লেটন থাউজেন্ড আইল্যান্ডের একটি রত্ন যা সাম্প্রতিক বছরগুলিতে গ্রামে নতুন বাসিন্দা, ব্যবসা, পর্যটকদের আকৃষ্ট করার জন্য অব্যাহতভাবে উন্নয়ন করে যাচ্ছে। সর্বশেষ এই উন্নয়নগুলি ক্লেটনকে শুধু ভবিষ্যতের পানি

বেড়ে যাওয়ার ঘটনা থেকে সুরক্ষা করতে সাহায্য করবে না, বরং মানুষের জন্য সুন্দর সেইন্ট লরেন্স নদী উপভোগ করা আরো সহজতর করবে। আমি খুশি যে নিউ ইয়র্ক স্টেট এই গুরুত্বপূর্ণ বিনিয়োগগুলি করছে এবং কীভাবে এই প্রকল্পগুলি ক্লেটন গ্রামকে আরো উন্নত করে তা দেখতে উন্মুখ।"

অ্যাসেম্বলি সদস্য মার্ক ওয়ালজিক বলেন, "আমাদের অঞ্চল দেখেছে যে পানি বেড়ে যাওয়ার ঘটনা অন্টারিও লেক ও সেই লরেন্স নদী সংলগ্ন সম্পদের মালিক ও ক্ষুদ্র ব্যবসাসমূহকে কীভাবে পঙ্গু করে দিতে পারে, যা প্রমাণ করে যে একটি স্থিতিস্থাপক অর্থনীতি ও সম্প্রদায়ের জন্য একটি মজবুত, নির্ভরযোগ্য অবকাঠামোতে বিনিয়োগ করা কেনও মুখ্য। ক্লেটন গ্রামের REDI প্রকল্পসমূহ নিখুঁত উদাহরণ যে কীভাবে বুদ্ধির সাথে পুনর্গঠন করা যায় এবং ভবিষ্যতের যেকোনো পানি বেড়ে যাওয়ার ঘটনার বিরুদ্ধে লড়াই করা যায়।"

জেফারসন কাউন্টির চেয়ারম্যান উইলিয়াম জনসন বলেন, "জেফারসন কাউন্টি দেখেছে যে REDI কর্মসূচি উপকূলরেখার সম্প্রদায়গুলিতে একটি ইতিবাচক প্রভাব ফেলছে, এবং আমরা নিউ ইয়র্ক স্টেটের প্রতি কৃতজ্ঞ আমাদের অঞ্চলের পুনর্বাসন নিশ্চিত করার জন্য, এবং যাতে আমাদের সম্প্রদায়ে বেড়াতে আসতে যারা ভালোবাসে তারা যাতে এটি আগামী অনেক বছর ধরে তা করে যেতে পারে তা নিশ্চিত করতে এই অব্যাহত সমর্থন এবং অংশীদারিত্বের জন্য।"

ক্লেটন গ্রামের মেয়র নর্মা জিমার বলেন, "দেশের বিভিন্ন স্থান থেকে দর্শনার্থীরা ক্লেটন গ্রামে আসে আমাদের সম্প্রদায়ের বিশেষত্ব উপভোগ করার জন্য, যার মধ্যে রয়েছে সুন্দর সেই লরেন্স নদীতে নৌকা চালানো ও মাছ ধরা। REDI-র মাধ্যমে, আমরা অতি গুরুত্বপূর্ণ উপকূলরেখার অবকাঠামো উন্নত ও সুরক্ষিত করবো যাতে করে পানি বেড়ে যাওয়ার সময়েও উপকূলরেখার বাধাগ্রস্ত না হয়।"

ক্লেটন টাউনের সুপারভাইজর ল্যান্স পিটারসন বলেন, "যখন ক্লেটন গ্রামের REDI প্রকল্পসমূহের কাজ চলছে, তখন টাউন গ্রামকে অভিনন্দন জানাতে চায়। কঠোর পরিশ্রম, সংকল্প, এবং নিউ ইয়র্ক স্টেটের সাথে দারুণ অংশীদারটির এই গুরুত্বপূর্ণ প্রকল্পগুলি সম্ভব করছে।"

অন্টারিও লেক এবং সেন্ট লরেন্স নদীর তীরে বন্যা হওয়ার প্রসারিত ধরণের প্রতিক্রিয়া হিসেবে নিউ ইয়র্ক স্টেট REDI প্রতিষ্ঠা করে উপকূলীয় কমিউনিটিগুলির স্থিতিশীলতা বৃদ্ধি করতে এবং অঞ্চলের অর্থনৈতিক উন্নয়ন জোরদার করার জন্য। পাঁচটি REDI আঞ্চলিক পরিকল্পনা কমিটি যা আটটি কাউন্টির অংশগ্রহণে গঠিত (নায়াগ্রা এবং অরলিন্স, মনরো, ওয়েইন, কায়ুগা এবং ওসওয়েগো এবং জেফারসন এবং সেন্ট লরেন্স), স্থানীয় অগ্রাধিকার, ঝুঁকিপূর্ণ পরিকাঠামো এবং অন্যান্য সম্পদ এবং জননিরাপত্তা সংক্রান্ত উদ্বেগ চিহ্নিত করার জন্য প্রতিষ্ঠিত হয়েছিল। REDI-র মাধ্যমে লেক অন্টারিও এবং সেন্ট লরেন্স নদী সংলগ্ন বন্যাপ্রবণ অঞ্চলের সম্প্রদায়ের সুবিধার জন্য ও এলাকাসমূহের স্থিতিস্থাপকতা উন্নত করতে স্টেট 300 মিলিয়ন মার্কিন ডলার পর্যন্ত প্রদান করতে প্রতিশ্রুতিবদ্ধ হয়েছে।

2019 সালের বসন্তে স্টেটের REDI প্রকল্প সৃষ্টির পর থেকে, 134টি REDI অর্থায়িত স্থানীয় ও আঞ্চলিক প্রকল্পের কাজ চলছে, যার মধ্যে 64টি প্রকল্প নকশা পর্যায়ে, 29টি নির্মাণ পর্যায়ে, এবং 41টি প্রকল্পের কাজ শেষ হয়েছে।

স্টেটের REDI কর্মসূচিতে একটি 15 মিলিয়ন মার্কিন ডলারের আঞ্চলিক ড্রেজিং প্রকল্প (Regional Dredging Project) রয়েছে, যা সাধারণত বিনোদনমূলক নৌকা চালানো ও আশ্রয়ের জন্য ব্যবহৃত হার্বার নেভিগেশন চ্যানেলের চলমান ড্রেজিং চাহিদার জন্য একটি সার্বিক পন্থা প্রদানের একটি প্রচেষ্টা। ড্রেজিং ওয়াটারওয়ের তলা থেকে জমে থাকা পলি অপসারণ করেছে যার ফলে জলযান পার হওয়ার জন্য পোতাশ্রয়টি নিরাপদ থাকছে। প্রথম দুই পর্যায়ের মাধ্যমে, স্টেট 20টি হার্বার নেভিগেশন চ্যানেলের ড্রেজিং রক্ষণাবেক্ষণ সামাল দিয়েছে, যা বর্তমানে সম্পূর্ণ হয়েছে। তৃতীয় পর্যায়ের সময়, যা এই গ্রীষ্মের শেষের দিকে হবে বলে আশা করা যাচ্ছে, স্টেট কাউন্টিগুলির কাছে কর্মসূচির ব্যবস্থাপনা হস্তান্তর করবে, আগামী অনেক বছরের জন্য চ্যানেলগুলিকে সক্রিয় রাখতে একটি বিদ্যমান আঞ্চলিক ড্রেজিং ব্যবস্থাপনা পরিকল্পনা (Regional Dredging Management Plan) সম্প্রসারণ ও বাস্তবায়ন করবে।

আরো তথ্য, প্রোজেক্ট প্রোফাইল ও REDI বিষয়ক সংবাদের জন্য, এখানে ক্লিক করুন।

###

আরো সংবাদ পাওয়া যাবে এখানে www.governor.ny.gov-এ
নিউ ইয়র্ক স্টেট | এক্সিকিউটিভ চেম্বার | press.office@exec.ny.gov | 518.474.8418